# স্বাস্থ্য বিমা এবং আপনার গোপনীয়তা

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ আইনের সম্পূর্ণ আওতার মধ্যে থেকে, স্বাস্থ্য বিমায় তালিকাভুক্ত হওয়ার জন্য লোকজন যেসব ব্যক্তিগত তথ্য ব্যবহার করেন সেগুলো সুরক্ষিত রাখে। **তবে**, 2026 সাল থেকে, ফেডেরাল Medicaid এজেন্সি অভিবাসন প্রয়োগের কাজে সহায়তা করার উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন ও কাস্টমস এনফোর্সমেন্ট (U.S. Immigration and Customs Enforcement, ICE)-এর সাথে নির্দিষ্ট কিছু তথ্য শেয়ার করছে, যার মধ্যে কিছু তালিকাভুক্ত ব্যক্তির নাম ও ঠিকানাও অন্তর্ভুক্ত রয়েছে।

এটি বর্তমানে শুধুমাত্র এমন ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য যাদের বৈধ অভিবাসন স্থিতি নেই, যেমন যারা শুধুমাত্র Emergency Medicaid-এর জন্য যোগ্য এবং Medicaid-এ তালিকাভুক্ত কিছু ব্যক্তি। এটি বর্তমানে বৈধ স্থায়ী বাসিন্দা (গ্রিন কার্ড) স্থিতি থাকা বা বৈধ ভিসাধারী ব্যক্তি, শরণার্থী, আশ্রয়প্রার্থী এবং অন্যান্য নির্দিষ্ট কিছু ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য **নয়**।

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের একজন স্বাস্থ্য বিমা এনরোলমেন্ট কাউন্সেলর আপনাকে স্বাস্থ্য বিমার জন্য সাইন আপ করার ঝুঁকি এবং সুবিধাগুলি সম্পর্কে পরামর্শ দিতে পারেন। আপনি যদি স্বাস্থ্য বিমার জন্য সাইন আপ করার প্রক্রিয়া চালিয়ে যেতে না চান, তবে একজন এনরোলমেন্ট কাউন্সেলর আপনাকে নিউ ইয়র্ক সিটি-তে সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য সেবা পরিষেবাগুলি পাওয়ার জন্য অন্যান্য বিকল্প প্রদান করতে পারেন।

এটি একটি পরিবর্তনশীল পরিস্থিতি। আরও জানতে, **nyc.gov/immigranthealth** দেখুন।

4.26 Bengali